



Public Affairs Office
of the
U.S. Consulate General
Calcutta

মার্কিন বার্তা

AMERICAN CENTER 38-A, Jawaharlal Nehru Road, Calcutta 700 071
Tel: 2288-1200 (7Lines) Fax: 033-2288-1616/9460 E-mail: pacal@state.gov

বিশেষ সংবাদ

২৭ আগস্ট ২০০৯

পূর্বাঞ্চলে অংশীদারের খোঁজে ৬ টি জনপ্রিয় মার্কিন রেস্তোরাঁ

কলকাতা -- আমেরিকার অন্ততঃ হাফ ডজন জনপ্রিয় রেস্তোরাঁ কলকাতা ও পশ্চিমবঙ্গ সহ সমগ্র পূর্ব ভারতে ব্যবসায়িক অংশীদারিত্ব স্থাপনে আগ্রহী। কলকাতার মার্কিন কনসুলেটে অবস্থিত মার্কিন বাণিজ্য দপ্তরের কার্যালয়ে এই উপলক্ষে “ফোকাস ফ্ল্যাঞ্চাইজিং” প্রকল্পের সূচনা করা হয়েছে। অভিনব এই কর্মসূচীর লক্ষ্যই হল, মার্কিন সংস্থাগুলির সঙ্গে নতুন ও লাভজনক সম্পর্ক গড়ে তুলতে উৎসাহী ভারতীয় ব্যবসায়ীদের সহায়তা করা।

এই মুহূর্তে যে মার্কিন রেস্তোরাঁগুলি ভারতের বাজারে প্রবেশ করতে বা বাণিজ্যিক সম্প্রসারণে আগ্রহী সেগুলির মধ্যে রয়েছে --

- চার্জে চিকেন -- চটজলদি ভাজা মুরগি ও সুখাদ্য পরিবেশনের অন্যতম বৃহৎ রেস্তোরাঁ
- সি কে ই রেস্তোরাঁ -- আমেরিকার নামকরা রেস্তোরাঁ-শৃঙ্খলের অন্যতম
- ট্রিপিকাল স্নো -- স্বাদগন্ধী আইসক্রিম ও আনুষঙ্গিক খাবারের জন্য বিখ্যাত
- দি মেলটিং পট -- চকোলেট-জাতীয় খাবারের জন্য জনপ্রিয়
- রাউন্ড টেবল পিৎজা -- পঞ্চম বৃহত্তম পিৎজা রেস্তোরাঁ
- পাপা জনস ইন্টারন্যাশনাল -- বিশ্বের তৃতীয় বৃহত্তম পিৎজা কোম্পানি

ভারতীয় সংস্থাগুলি কলকাতার মার্কিন বাণিজ্য দপ্তরে এই ব্যাপারে ‘এক্সপ্লেসন অব ইন্টারেস্ট’ জমা দিতে পারবে। সেখানে মার্কিন রেস্তোরাঁগুলি সম্পর্কেও বিশদ তথ্য পাওয়া যাবে। বিস্তারিত জানতে আমেরিকান সেন্টারে মার্কিন বাণিজ্য দপ্তরের অরূপ মিত্র বা শান্তনু সরকারের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে এই নম্বরে -- ৩৯৮৪৬৪০২।
